

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(জেলা পরিষদ অধিশাখা)

নং-স্বাসবি/জেপশা/নিয়োগ-২/২০০৯/৩২

তারিখঃ ০৬/১/২০১৬।

বিষয়ঃ গাড়ী চালক জনাব মোহাম্মদ শাহজাদা খান এর সাময়িক বরখাস্তকালীন প্রাপ্য ভাতা প্রদানের বিষয়ে মতামত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গাড়ী চালক জনাব মোহাম্মদ শাহজাদা খান চট্টগ্রাম জেলা পরিষদে কর্মকালীন চট্টগ্রাম জেলা পরিষদের কর্মচারী বাসভবনে থাকতেন। বাসভবনটি জরাজীর্ণ হওয়ায় কনডেম ঘোষণা করে নিলাম প্রদান করা হয় এবং মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে উক্ত স্থানে প্রধান নির্বাহী কর্মকর্তার বাসভবন ও বানিজ্যিক ভবন নির্মাণের দুটি প্রকল্প গ্রহণ করা হয়। জনাব শাহজাদা খানকে চতুর্থ শ্রেণীর কোয়ার্টারে একটি বাসা বরাদ্দ দেয়া হয় এবং পূর্বের বাসার দখল ছেড়ে দেয়ার জন্য নির্দেশ দেয়া হয়। কিন্তু তিনি কর্তৃপক্ষের আদেশ অবমাননা, জেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারীদের সাথে অশোভন আচরণ ও হুমকী প্রদান, জেলা পরিষদের সম্পত্তির ক্ষতি সাধনের উদ্দেশ্যে নাশকতামূলক কাজে লিপ্ত থাকায় তাকে চট্টগ্রাম জেলা পরিষদ কর্তৃক সাময়িক বরখাস্ত করা হয় (সংযুক্তি-১)। এছাড়া প্রধান নির্বাহী কর্মকর্তার অনুরোধে তাকে ২৯.১২.২০১০ তারিখের জেপশা/বদলী-৩/২০০৪/৩৩২৩ নং স্মারকে নরসিংদী জেলা পরিষদে এবং পরবর্তীতে ১৩/২/২০১১ তারিখের জেপশা/বদলী-৩/২০০৪/৬৮২ নং স্মারকে মৌলভীবাজার জেলা পরিষদে বদলী করা হয় (সংযুক্তি-২ ও ৩)।


০২। জনাব শাহজাদা খানকে ১৩.২.২০১১ তারিখের জেপশা/বদলী-৩/২০০৪/৬৮২ নং স্মারকে মৌলভীবাজার জেলা পরিষদে বদলী করা হয়। পরবর্তীতে জনাব শাহজাদা খান সাময়িক বরখাস্তের আদেশের বিরুদ্ধে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-২৬৯৫/২০১১ দায়ের করেন (সংযুক্তি-৪)। উক্ত মোকদ্দমায় ২১/০৩/২০১২ তারিখের রায়ে মহামান্য হাইকোর্ট বিভাগ তাকে সাময়িক বরখাস্তকালীন জীবন নির্বাহী ভাতা প্রদানের আদেশ প্রদান করে। সে প্রেক্ষিতে তিনি জীবন নির্বাহী ভাতা প্রাপ্তির জন্য আবেদন করেন। তার আবেদনের বিষয়ে মতামত প্রদানের জন্য চট্টগ্রাম জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। প্রধান নির্বাহী কর্মকর্তা জানান যে, মহামান্য হাইকোর্টের আদেশের পূর্বেই জনাব শাহজাদা খানকে অন্যত্র বদলী করা হয়। বদলী আদেশের পূর্ব পর্যন্ত তার জীবন নির্বাহী ভাতা পরিশোধ করা হয়েছে। উল্লেখ্য, জনাব শাহজাদা খানকে মৌলভীবাজার জেলা পরিষদে বদলী করা হলেও তিনি উক্ত জেলা পরিষদে যোগদান করেননি এবং তিনি বর্তমানে কোন জেলা পরিষদে কর্মরত না থাকায় তার জীবন নির্বাহী ভাতা প্রদান করা যাচ্ছেনা।

০৩। গাড়ী চালক জনাব মোহাম্মদ শাহজাদা খান (সাময়িক বরখাস্তকৃত) কর্তৃক দায়েরকৃত ২৬৯৫/২০১১ নং রীট মোকদ্দমায় সর্বশেষ অবস্থা জানানোর জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ চট্টগ্রামকে অনুরোধ জানানো হয়। সে প্রেক্ষিতে প্রধান নির্বাহী কর্মকর্তা জানান যে, শাহজাদা খান এর দায়েরকৃত ২৬৯৫/২০১১ নং রীট মোকদ্দমাটি বর্তমানে সুনামীর অপেক্ষায় আছে (সংযুক্তি-৫)।

০৪। এমতাবস্থায়, গাড়ী চালক জনাব মোহাম্মদ শাহজাদা খান (সাময়িক বরখাস্তকৃত) এর দায়েরকৃত রীট মোকদ্দমার প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের করণীয় সম্পর্কে আইনগত মতামত দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

সচিব  
আইন ও বিচার বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

  
০৬/১/১৬  
(জুবাইদা নাদারীন)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮  
Email-igzp@lgd.gov.bd

অনুলিপিঃ (জ্ঞাতার্থে/কার্যার্থে) :

- ১। প্রশাসক, জেলা পরিষদ, চট্টগ্রাম।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চট্টগ্রাম।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।